কালের কণ্ঠ

তারিখ ... 23 JUN 2016 ...
পৃ. ... কলাম ...

ঢাকা বিশ্ববিদ্যালয়

# স্নাতক শ্রেণিতে ভর্তি পরীক্ষা ২৩ সেপ্টেম্বর

**ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷**

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০১৬-১৭ শিক্ষাবর্ষে স্নাতক শ্রেণিতে ভর্তির সম্ভাব্য তারিখ নির্ধারণ করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। আগামী ২৩ সেপ্টেম্বর কলা অনুষদের অধীন 'খ' ইউনিটে ভর্তি পরীক্ষার কার্যক্রম শুরু হবে। গতকাল বুধবার বিশ্ববিদ্যালয়ের ডিনস কমিটির সভায় এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সভার সভাপতিত্ব করেন উপাচার্য অধ্যাপক আ আ ম স আরেফিন সিদ্দিক।

জানা যায়, উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফল ঘোষণার পরপরই আনলাইনে আবেদন প্রক্রিয়ার সময় ঘোষণা দেওয়া হবে। ২৩ সেপ্টেম্বর 'খ' ইউনিট, ২৪ সেপ্টেম্বর 'চ' ইউনিটের ভর্তি পরীক্ষা হবে। এ ছাড়া ৩০ সেপ্টেম্বর ব্যবসায় অনুষদের অধীন 'গ' ইউনিট, ২১ অক্টোবর বিজ্ঞান অনুষদের অধীন 'ক' ইউনিট ও ২৮ অক্টোবর সামাজিকবিজ্ঞান অনুষদের অধীন 'ঘ' ইউনিটের পরীক্ষা অনুষ্ঠিত হবে।